

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২১]

৮. কিতাবুস্ম সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সম্পদ বন্টন করা এবং মসজিদে (ফলের) থোকা ঝুলিয়ে রাখা

بَابُ الْقِسْمَةِ وَتَعْلِيقِ الْقِنْوِ فِي الْمَسْجِدِ

আরবী

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أُتِيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَالٍ مِنْ الْبَحْرَيْنِ فَقَالَ اثْرُوْهُ فِي الْمَسْجِدِ وَكَانَ أَكْثَرَ مَالٍ أُتِيَ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ وَلَمْ يُلْتَفِتْ إِلَيْهِ فَلَمَّا قَضَى الصَّلَاةَ جَاءَ فَجَلَسَ إِلَيْهِ فَمَا كَانَ يَرَى أَحَدًا إِلَّا أَعْطَاهُ إِذْ جَاءَهُ الْعَبَّاسُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَعْطِنِي فَإِنِّي فَادَيْتُ نَفْسِي وَفَادَيْتُ عَقِيلًا فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حُذْ فَحَثَّا فِي ثَوْبِهِ ثُمَّ ذَهَبَ يُقْلِلُهُ فَلَمْ يَسْتَطِعْ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مُرْبِعُهُمْ يَرْفَعُهُ إِلَيَّ قَالَ لَا قَالَ فَارْفَعْهُ أَنْتَ عَلَيَّ قَالَ لَا فَنَثَرَ مِنْهُ ثُمَّ احْتَمَلَهُ فَأَلْقَاهُ عَلَى كَاهِلِهِ ثُمَّ انْطَلَقَ فَمَا زَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَبَعَّهُ بَصَرَهُ حَتَّى خَفِيَ عَلَيْنَا عَجَبًا مِنْ حِرْصِهِ فَمَا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَثُمَّ مِنْهَا دِرْهَمٌ

বাংলা

২৬৫) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট বাহরাইন থেকে কিছু মালামাল পাঠানো হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আদেশ করলেনঃ এগুলো মসজিদে ঢেলে রাখ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আগে যে সমস্ত সম্পদ পাঠানো হয়েছিল তার তুলনায় এবার পাঠানো সম্পদের পরিমাণই ছিল সর্বাধিক। অতঃপর তিনি নামাযের জন্য বের হন, কিন্তু মালামালের দিকে কেন দৃষ্টি দিলেন না। নামায শেষে তিনি তথায় এসে বসলেন। সেদিন তিনি যাকে দেখতে পেয়েছেন তাকেই কিছু না কিছু দিয়েছেন। এমন সময় আবাস (রাঃ) আগমণ করে বললেনঃ হে আল্লাহর রাসূল! আমাকেও দান করুন। কেননা আমি নিজের ও আকীলের মুক্তিপন দিয়েছি। অর্থাৎ বদর যুদ্ধের দিন আমি এবং আকীল উভয়েই বন্দী হয়েছিলাম। তাই উভয়ের পক্ষ হতে ফিদইয়া আমিই পরিশোধ করেছি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমিও নাও। তিনি অঞ্জলি ভরে ভরে কাপড়ে রাখতে শুরু করলেন। তারপর তিনি তা উঠাতে চেষ্টা করলেন। কিন্তু উঠাতে পারছিলেন না। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! কাউকে

আদেশ করুন সে যেন এটা আমার মাথায় উঠিয়ে দেয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ না। কাউকে আদেশ করা হবেনা। তিনি এবার বললেনঃ তাহলে আপনি উঠিয়ে দিন। তিনি এবারও বললেনঃ না। উঠিয়ে দেয়া হবেনা। তারপর তিনি তা থেকে কিছু রেখে দিয়ে নিজের কাঁধে উঠিয়ে নিয়ে চলে গেলেন। মালের প্রতি আরবাসের আকর্ষণ দেখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশ্চর্য হয়ে তাঁর দিকে তাকিয়ে রইলেন। শেষ পর্যন্ত আরবাস আমাদের থেকে অদৃশ্য হয়ে গেলেন। বর্ণনাকারী বলেনঃ একটি দেরহাম বাকী থাকতেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্থান ত্যাগ করেননি। (মালামাল বন্টন শেষ হওয়ার পর তিনি স্থান ত্যাগ করলেন)

## English

The distribution (of goods or wealth) and the hanging of a cluster of dates in the mosque.

**Narrated Anas:**

Some goods came to Allah's Messenger (ﷺ) from Bahrain. The Prophet (ﷺ) ordered the people to spread them in the mosque --it was the biggest amount of goods Allah's Messenger (ﷺ) had ever received. He left for prayer and did not even look at it. After finishing the prayer, he sat by those goods and gave from those to everybody he saw. Al-'Abbas came to him and said, "O Allah's Messenger (ﷺ)! give me (something) too, because I gave ransom for myself and 'Aqil". Allah's Messenger (ﷺ) told him to take. So he stuffed his garment with it and tried to carry it away but he failed to do so. He said, "O Allah's Messenger (ﷺ)! Order someone to help me in lifting it." The Prophet (ﷺ) refused. He then said to the Prophet: Will you please help me to lift it?" Allah's Messenger (ﷺ) refused. Then Al-'Abbas threw some of it and tried to lift it (but failed). He again said, "O Allah's Messenger (ﷺ) Order someone to help me to lift it." He refused. Al-'Abbas then said to the Prophet: "Will you please help me to lift it?" He again refused. Then Al-'Abbas threw some of it, and lifted it on his shoulders and went away. Allah's Messenger (ﷺ) kept on watching him till he disappeared from his sight and was astonished at his greediness. Allah's Messenger (ﷺ) did not get up till the last coin was distributed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89563>

₹ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন